সোহান’স ভার্সিটি কোচিং এর উদ্যোগে নারী ফুটবলার নীলাকে সংবর্ধনা

সাফজয়ী নারী ফুটবল দলের খেলোয়াড় নিলুফা ইয়াসমিন নীলাকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

বুধবার সকালে কুষ্টিয়া সরকারি কলেজের সামনে সোহান’স ভার্সিটি কোচিং এর পক্ষ থেকে এই সংবর্ধনার আয়োজন করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে নীলাকে সম্মাননা স্মারক ক্রেষ্ট ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এসময় নীলার হাতে সম্মাননা স্মারক ক্রেষ্ট তুলে দেন সোহান’স ভার্সিটি কোচিং এর পরিচালক মোহাম্মদ নাহিদুল ইসলাম সোহানসহ প্রতিষ্ঠানের কর্মকর্তারা।

সোহান’স ভার্সিটি কোচিং এর পরিচালক মোহাম্মদ নাহিদুল ইসলাম সোহান বলেন, নীলা আমাদের কুষ্টিয়ার সন্তান হিসেবে আমরা গর্ব করতেই পারি। নারী সাফ চ্যাম্পিয়নশিপে দলের হয়ে শিরোপা জয়ের পাশাপাশি কুষ্টিয়ার এ কির্তিমান নিলুফা ইয়াসমিন নীলাকে সম্মাননা জানাতে পেরে আমাদের এ প্রতিষ্ঠান ধন্য। এমন কৃতি সন্তান আরও গড়ে উঠুক আমাদের এই জেলা থেকে। আমরা নীলার আরও সাফল্য কামনা করি।

সংবর্ধিত হয়ে নীলা বলেন, এবার আমি কুষ্টিয়াবাসীর কাছ থেকে অনেক সম্মান ও ভালোবাসা পেয়েছি। তিনি বলেন, ‘যেদিন থেকে জাতীয় দলে খেলছি সেদিন থেকেই সাফজয়ী হওয়ার প্রবল আকাঙ্ক্ষা ছিল। আমার প্রত্যাশা পূরণ হয়েছে। আমি সবার কাছে দোয়া চাই। যেন দেশকে আরও সম্মানিত করতে পারি।’

প্রসঙ্গত, সোহান’স বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইন্জিনিয়ারিং ভর্তির স্পেশাল প্রাইভেট প্রোগ্রামের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে কুষ্টিয়ায় সুনামের সাথে পরিচালনা করে আসছে।

দামুড়হুদায় প্রযুক্তির যুগে বিলুপ্তির পথে গরু দিয়ে হালচাষ

দামুড়হুদায় অতীতে হালচাষের গরু ও মহিষ দেখা যেত গাঁয়ের মেটোপথে-প্রান্তরে। বর্তমান যুগে পশু দিয়ে হালচাষের পরিবর্তে এসেছে মেশিন-ট্রাক্টর, পাওয়ার টিলার ইত্যাদি। এজন্য নতুন প্রজন্মের অনেকেই জমিতে গরু দিয়ে লাঙল কিংবা মই টানা দৃশ্যের সঙ্গে অপরিচিত। প্রযুক্তির যুগে বিলুপ্তির পথে চিরচেনা এই পদ্ধতি। সে সময় গরু-মহিষসহ বিভিন্ন গবাদি পশু দিয়ে লাঙল ও মই টানার মাধ্যমে হাল চাষের বিকল্প ছিল। কৃষকরা ভোরবেলা মাঠে গিয়ে সন্ধ্যা পর্যন্ত এভাবে হাল চাষ করতেন।

কিন্তু এখন সেই অবস্থা নেই। জমিতে চাষাবাদ পুরোপুরিভাবে আধুনিক হয়ে যাওয়ায় কম সময়ে লাভ বেশি হলেও মাঠ থেকে যেন হারিয়ে গেল চিরচেনা এক রূপ, কৃষকদের ঐতিহ্য।

দামুড়হুদা উপজেলার জয়রামপুর গ্রামের কয়েকজন কৃষক বলেন, আগে দিনভর গরু দিয়ে হাল চাষ করতাম। কিন্তু প্রযুক্তিগত অগ্রগতিতে এখন অল্প সময়ে চাষবাদ শেষ করার জন্য আর আগের সেই পদ্ধতিটি ব্যবহার হয় না। এতে ফলনও বেড়েছে। তবে মাঝেমধ্যেই সেই সুন্দর দৃশ্যের কথা মনে পড়ে যায়।

এদিকে, গরু দিয়ে হালচাষের মাধ্যমে সেই ঐতিহ্য ধরে রেখেছেন কয়েকজন চাষি। এদের মধ্যে একজন হাউলী ইউনিয়নের তারিনীপুর গ্রামের সুন্নত মিয়া। তিনি বলেন, আমরা কয়েকজন বয়স্ক কৃষক এখনও গরু দিয়ে হালচাষ করি। এতে সময় বেশি লাগলেও আমরা পুরোনো পদ্ধতিটি ধরে রেখেছি।

উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর নওদাপাড়ার রমজান আলী বলেন, কালের বিবর্তনে গ্রামবাংলার ঐতিহ্য হালচাষ দিন দিন হারিয়ে যাচ্ছে। কাক ডাকা ভোরে কৃষকরা লাঙ্গল কাঁধে এক জোড়া গরু/মহিষ নিয়ে বেরিয়ে যেত মাঠের জমিতে হালচাষ করার জন্য। ভোর থেকে সন্ধ্যা পর্যন্ত জমিতে কৃষকের লাঙ্গল দিয়ে হালচাষ, সঙ্গে ভাটিয়ালি-পল্লীগীতি গানের মধুর সুর মাতিয়ে রাখতো হাট-ঘাট ও মাঠ। কৃষাণীরা সাজিয়ে নিয়ে যেতেন সকালের নাস্তা পিয়াজ কাঁচা মরিচ দিয়ে পান্তাভাত ও দুপুরে গরম ভাত। কৃষাণীদের সকালের পান্তাভাত নিয়ে যেতে দেরী করলে কৃষকেরা রসিকতার গান ধরতো ‘এতো বেলা হয় ভাবীজান

পান্তা নাই মোর পেটে… রে…’। এটাই ছিল গ্রামবাংলার কৃষাণ-কৃষাণীর চিরাচরিত অভুতপূর্ব দৃশ্য। এখন এমন নয়নাভিরাম দৃশ্য চোখে পড়ে না বললেই চলে।

হাউলী ইউনিয়নের তারিনীপুর গ্রামের হারেজ আলী বলেন, এবারও আমার জমি গরু দিয়ে হালচাষের মাধ্যমে আবাদ করেছি। এলাকার সবাই এ পদ্ধতি বাদ দিলেও আমি ধরে রেখেছি। সামনের দিনেও এভাবে হালচাষ করে যাব।

এছাড়াও উপজেলার আব্দুর রহমান, লুৎফর রহমান,আলী হোসেন, জয়নাল হোসেনসহ আরো কৃষকরা জানান, গরুর লাঙ্গল দিয়ে প্রতিদিন প্রায় ৪৪ শতাংশ জমি চাষ করা সম্ভব। আধুনিক যন্ত্রপাতির থেকে গরুর লাঙ্গলের চাষ গভীর হয়। জমির উর্বরতা শক্তি বৃদ্ধি ও ফসলের চাষাবাদ করতে সার, কীটনাশকের সাশ্রয় হয়। কষ্ট হলেও গরু দিয়ে হাল চাষ করতে খুব ভাল লাগত। এখন মনে পড়লেই কষ্ট হচ্ছে। ফিরে পাবনা আর সেই পুরনো দিনগুলো। এভাবেই ধিরে ধিরে হারিয়ে যাবে আমাদের গ্রাম বাংলার ঐতিহ্য।

দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান বলেন, গরু-মহিষের পরিবর্তে কলের লাঙলের চাষাবাদে সময় কম লাগে, উৎপাদনও বেশি হয়। এ উপজেলার প্রায় শতভাগ জমি এখন যান্ত্রিক উপায়ে চাষ হয়।

দিন বদলাচ্ছে। বদলাচ্ছে মানুষের জীবনধারা। বিজ্ঞান ও প্রযুক্তির যুগে পাল্টে যাচ্ছে সব কিছুই। বিজ্ঞান ও প্রযুক্তির যুগে নতুন নতুন আবিষ্কারের ফলে কৃষকদের জীবনেও এসেছে নানা পরিবর্তন। আর সেই পরিবর্তনের ছোঁয়াও লেগেছে কৃষিতে। তাইতো কাঠের লাঙ্গলের পরিবর্তে এসেছে ট্রাক্টর ও পাওয়ার টিলার।

হরিনাকুন্ডুতে বজ্রপাতে গৃহবধূর মৃত্যু

হরিনাকুন্ডুতে বজ্রপাতে মধুমালা (৪০) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। এই সময় তার সাথে থাকা দুইটা ছাগলও মারা যান।

বুধবার দুপুর ১২ টার দিকে উপজেলার জোড়াদাহ ইউনিয়নের হরিশপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত মধুমালা ওই গ্রামের মকছেদ আলীর স্ত্রী। তিনি দুই সন্তানের জননী।

স্হানীয় সূত্রে জানা যায়, বৃষ্টি দেখে বাড়ির পেছনে বাঁশবাগানে বেধে রাখা ছাগল আনতে যান তিনি। ছাগল নিয়ে ফেরার পথে বজ্রপাতের শিকার হন।

হরিনাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

গাংনীতে তিনটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা

অপরিচ্ছন্ন পরিবেশ ও নিন্ম মানের খাবার পরিবেশন ও বাসি সব্জী বিক্রির অভিযোগে গাংনীতে ৩ ববসায়ী প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

অপরিচ্ছন্ন পরিবেশ ও নিন্ম মানের খাবার পরিবেশনের অভিযোগে গাংনী সুইট্স অ্যান্ড মিষ্টান্ন ভাণ্ডারকে ৮ হাজার, বিরানী হাউজকে ৭ হাজার টাকা ও সব্জী বিক্রেতা মেসার্স নাজ ভান্ডারকে ১ হাজার টাকাসহ মোট ১৬ জরিমানা করা হয়।

আজ বুধবার (১২ অক্টোবর) দুপুরে গাংনী উপজেলা শহরের এই অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক (চুয়াডাঙ্গা-মেহেরপুর) সজল আহমেদ।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ জানান, অপরিচ্ছন্ন পরিবেশ ও নিম্ন মানের খাবার এবং সব্জী বিক্রির অভিযোগে তাদের কাছ থেকে এই জরিমানা আদায় করা হয়েছে। একই সাথে তাদের সতর্ক করা হয়েছে।
এসময় পুলিশের একটি টীম তাকে সহযোগিতা করেন।

গাংনীতে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর পিরতলা পুলিশ ক্যাম্পের পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪০ বোতল ফেনসিডিলসহ আমানুল ইসলাম (২৮) নামের এক ব্যক্তিকে আটক করেছেন।

আটক আমানুল ইসলাম কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ধর্মদহ গ্রামের জমসেদ আলীর ছেলে।

আজ বুধবার (১২ অক্টোবর) ভোররাত ৩ টার দিকে পিরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হানের নেতৃত্বে পুলিশের একটি টিম ওই গ্রামের তিন রাস্তার মোড় এলাকায় অভিযান চালিয়ে ফেনসিডিলসহ তাকে আটক করেন।

এসআই জহির রায়হান বলেন, মাদক পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অভিযান চালানো হয়। এসময় আমানুল পুলিশ দেখে পালানোর চেষ্টা করলে তাকে হাতে নাতে ধরা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, ফেনসিডিল উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার নামে মামলা দিয়ে দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৯

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৯ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ৩ ও সদর থানা পুলিশের অভিযানে ৬ আসামি রয়েছে।
গাংনী থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ২ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের হওয়া মামলায় ১ আসামিকে গ্রেফতার করেছেন। এছাড়া সদর থানা পুলিশ অভিযান চালিয়ে নিয়মিত মামলায় ২ আসামি ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ৪ আসামি গ্রেফতার করেছেন।
গতকাল মঙ্গলবার দিবাগত রাত থেকে আজ বুধবার (১২ অক্টোবর) ভোররাত পর্যন্তু দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের একাধিক টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।
আজ বুধবার দুপুরের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালদের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে সংশ্লিষ্ট থানা সূত্রে জানা গেছে।

কুষ্টিয়ায় জেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থীর পক্ষে ভোট চাইলেন তাঁতীলীগ নেতৃবৃন্দ

কুষ্টিয়া জেলা পরিষদের নির্বাচন উপলক্ষে সরকারের চলমান উন্নয়নকে অব্যাহত রাখতে জেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী হিসেবে জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান এর আনারস প্রতীকে ভোট চাইলেন কুষ্টিয়া জেলা তাঁতী লীগের নেতারা।

মঙ্গলবার দিনব্যাপী সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী হিসেবে জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান এর পক্ষে আনারস প্রতীকে ভোট চান। এসময়

লিফলেট বিতরনসহ ভোট প্রার্থনা করেন তাঁরা।

এসময় কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিন, সাধারণ সম্পাদক হারুন অর রশীদ, সিনিয়র সহসভাপতি সরোয়ার হোসেনসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

নেতৃবৃন্দ বলেন, ‘দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সংসদ নির্বাচনের মতো কুষ্টিয়া জেলা পরিষদ নির্বাচনেও আওয়ামী লীগ প্রার্থীকে ভোট দিয়ে বিজয়ী করুন। তাহলে জেলা পরিষদ এলাকার ব্যাপক উন্নয়ন হবে। ’

ঝিনাইদহে ব্যতিক্রমী ‘কৃষ্ণচূড়া এভিনিউ’ উদ্বোধন

‘শিল্পের শহর ঝিনাইদহ’ প্রতিপাদ্যে শহরের পুরাতন ধোপাঘাটা ব্রীজ- টার্মিনাল সংযোগ সড়কে কৃষ্ণচূড়া এভিনিউ এর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (১১ অক্টোবর) সকালে ১০০টি কৃষ্ণচূড়া গাছের চারা রোপণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা করা হয়। ঝিনাইদহ জেলা প্রশাসনের বাস্তবায়নে জেলা শিল্পকলা একাডেমি ও ঝিনাইদহ থিয়েটারের সহযোগিতায় কৃষ্ণচূড়া এভিনিউ এর শুভ উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা কালচার অফিসার মো. জসিম উদ্দিন, শিল্পকলা একাডেমির নির্বাহী সদস্য অশোক ধর, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জয়া রাণি চন্দ, ঝিনেদা থিয়েটারের সাধারণ সম্পাদক শামিম আহামেদ টফি, ভোর হলোর সাধারণ সম্পাদক নুর-এ-গুলশানসহ বিভিন্ন সাংস্কৃতিক ব্যক্তিবর্গ এবং প্রিন্ট - ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

জেলা প্রশাসক মনিরা বেগম তার বক্তব্যে কর্মসূচি বাস্তবায়নকারীদের ধন্যবাদ জানিয়ে আশা প্রকাশ করেন কৃষ্ণচূড়া এভিনিউ ঝিনাইদহ শহরকে ভবিষ্যতে সৌন্দর্যমন্ডিত করবে এবং এটি ইতিহাসের অংশ হবে।

উপস্থিত অতিথিবৃন্দ শুভেচ্ছা বক্তব্যে ব্যতিক্রমী এ উদ্যোগকে সাধুবাদ জানান ও উচ্ছ্বাস প্রকাশ করেন।

এ বৃক্ষরোপণ কর্মসুচীটি ঝিনেদা থিয়েটারের সভাপতি একরামুল হক লিকু এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে স্বতঃস্ফূর্তভাবে চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম। সারিবদ্ধ ভাবে লাইন দিয়ে যুবক-যুবতীরা নতুন ভোটার হালনাগাদ কার্যক্রমে অংশগ্রহণ করেন।

জানাগেছে জেলা নির্বাচন অফিস এর আন্ডারে অস্থায়ী নিয়োগে টিম লিডার মিজানুর রহমানের তত্ত্বাবধানে মোট ৮ জন সদস্যের মাধ্যমে চলছে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রম। এই টিমে কাজ করছেন যথাক্রমে- শাকিবুর রহমান, সাউদা, ইকবাল, রকিবুল, ইকরামুল, ইয়ামিন, রাশেদ ও প্রিন্স।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী আনুষ্ঠানিক ভাবে নতুন ভোটার হালনাগাদ কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের সচিব শামীম রেজা সহ সকল ইউপি সদস্য বৃন্দ।

১০ তারিখ সকাল ৮টা থেকে শুরু করে ১৫ তারিখ পর্যন্ত টানা ৬ দিন চলবে এই কার্যক্রম। ১২ তারিখ ৫ ও ৬ নং ওয়ার্ড, ১৩ তারিখ ৭ নং ওয়ার্ড, ১৪ তারিখ ৮ নং ওয়ার্ড ও ১৫ তারিখে ৯ নং ওয়ার্ডের নতুন ভোটার হালনাগাদ হবে। ১৬ এবং ১৮ তারিখ ওপেন ডে। এই দুই দিন দামুড়হুদা উপজেলার যে সকল নতুন ভোটার বাদ পরেছে তারা অংশ গ্রহণ করতে পারবে।

অর্থাৎ বাদ পড়া সকল ভোটার অংশ গ্রহণ করতে পারবে। প্রথম দিন নারী

পুরুষ সহ মোট ৩৬৫ জন নতুন ভোটার হন। এর মধ্যে নারী ১৫৩ জন এবং পুরুষ ২১১ জন। গতকাল ৩৯৭ জন নতুন ভোটার হালনাগাদ হয়। এর মধ্যে নারী ২০৯ জন এবং পুরুষ ১৮৮ জন। গত দুই দিনে নারী পুরুষ সহ মোট ৭৬২ জন নতুন ভোটার হালনাগাদ হয়। এর মধ্যে মোট নারী ৩৬২ জন এবং মোট পুরুষ ৩৯৯ জন।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন, যুবক-যুবতীরা স্বতঃস্ফূর্তভাবে লাইন দিয়ে নতুন ভোটার হালনাগাদে অংশ গ্রহণ করেন। যতক্ষণ নতুন ভোটার লাইনে ছিল ততক্ষণ কার্যক্রম চলছে সর্বশেষ কার্যক্রম চলছে সন্ধ্যা সাড়ে ৫টা পর্যন্ত।

কোটচাঁদপুরে ডিবি পুলিশের অভিযানে ফেন্সিডিল সহ দুই মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে কোটচাঁদপুরে অভিযান চালিয়ে ফেন্সিডিল সহ দুই মাদক ব্যবসায়ী কে আটক করেছে ডিবি পুলিশ । জেলা গোয়েন্দা শাখা ডিবি পুলিশের ওসি মোঃ শাহিন উদ্দিন জানান, ঝিনাইদহ জেলা পুলিশ সুপার আশিকুর রহমান (বিপিএম পিপিএম) বারের দিকনির্দেশনায় ডিবি পুলিশের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে।

আজ মঙ্গলবার সকালে কোটচাঁদপুর থানাধীন কাগমারি নামক স্থান থেকে মাদক ব্যবসায়ী (১) চায়না বেগম, স্বামী-আব্দুস সালাম, সাং-দক্ষিণ আড়পাড়া(২) আজহার উদ্দিন,পিতা-হাফিজুর রহমান,সাং-চাপালি,থানা- কালিগঞ্জ,জেলা-ঝিনাইদহকে (৫৯) বোতল ফেন্সিডিল সহ আটক করা হয়েছে বলে জানান।

এ বিষয় কোটচাঁদপুর মডেল থানার ডিউটি অফিসার উপ-পরিদর্শক আইয়ুব হোসেন জানান, চায়না ও আজহার নামে দুই মাদক ব্যবসায়ী নামে মডেল থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।যার মামলা নম্বর (৪)।